

ধামইরহাট উপজেলায় বর্তমান বোরো ধান চাষে পরিলক্ষিত সমস্যাসমূহ

- ০১। পাতা হলুদ হয়ে শুকিয়ে হলুদ মারা যাচ্ছে। কুশি হচ্ছেনা।
- ০২। শিকড় সংখ্যা খুবই কম।
- ০৩। পোকাকার আক্রমণ: ক) মাজরা পোকা খ) পাতা মাছি



সমাধান

পাতা হলুদ হয়ে শুকিয়ে মরা

১. জমির পানি বের করে দিয়ে ৭-১০ দিন শুকনা রাখুন।
২. ইউরিয়া সারের উপরিপ্রয়োগ সাময়িকভাবে বন্ধ রাখুন।
৩. বিঘা প্রতি (৪৯ শতকে) ০৮ কেজি এমওপি (পটাশ) সার উপরি প্রয়োগ করুন।
৪. আক্রমণ বেশি হলে, ১৬ লিটার পানিতে ৮০ গ্রাম সালফার সার (যেমন: থিওভিট ৮০ ডব্লিউজি), ৮০ গ্রাম এমওপি সার ও ২০ গ্রাম জিংক সালফেট সার (দস্তা সার) ভালোভাবে মিশিয়ে স্প্রে করুন।
অথবা
৫. বিসমার্থায়াজল গ্রুপের ব্যাকটেরিয়ানাশক যেমন: ব্যাকট্রোবান ২০ডব্লিউপি/রাদি ২০ডব্লিউপি প্রতি লিটার পানিতে ০৪ গ্রাম হারে মিশিয়ে ১০ দিন পরপর ০২ বার স্প্রে করুন।
৬. এজোস্ট্রিট্রাবিন+ডাইফেনাকোনাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন এমিস্টার টপ ৩২৫ এসসি প্রতি লিটার পানিতে ১-২ মিলি হারে মিশিয়ে স্প্রে করুন।

মাজরা পোকা

০১. জমিতে ডাল পুঁতে দিতে হবে/পার্চিং করতে হবে।
০২. আক্রমণ বেশি হলে কারটাপ গ্রুপের কীটনাশক যেমন: সানটাপ ৫০ এসপি / ব্রাভো ৫০ এসপি ০১ বিঘায় (৪৯ শতক) ২৮৫ গ্রাম হারে ১০ দিন পরপর ০২ বার স্প্রে করুন।
অথবা
০৩. কারটাপ + এসিটামিপ্রিড গ্রুপের কীটনাশক যেমন: কার্টাপ্রিড ৯৫ এসসি বা বাতির ৯৫ এসসি প্রতি বিঘায় (৪৯ শতকে) ১০০ গ্রাম হারে স্প্রে করুন।
অথবা
০৪. থায়ামোথাক্সাম + ক্লোরানট্রানিপ্রোল গ্রুপের কীটনাশক যেমন: ভিরতাকো ৪০ ডব্লিউজি প্রতি বিঘায় ১৫ গ্রাম হারে স্প্রে করুন।

পাতামাছি ও পাতা মোড়ানো পোকা ও অন্যান্য পোকা

০১. জমি হতে পানি বের করে দিতে হবে।
০২. কার্বারিল গ্রুপের কীটনাশক যেমন সেভিন ৮৫ ডব্লিউপি বা সিনারিল ৮৫ ডব্লিউপি বিঘা (৪৯ শতকে) প্রতি ৩৩৮ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করুন।